

প্রেস রিলিজ

ঢাকা, ১৫ ডিসেম্বর ২০২৫ (টেশিস): টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)-এর ৫৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আজ ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন সংস্থাটির চেয়ারম্যান এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব **জনাব আব্দুন নাসের খান**।

সভায় টেশিসের গত অর্থবছরের কার্যক্রম, আর্থিক প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন ও আলোচনা করা হয়। একই সঙ্গে কোম্পানির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, উৎপাদন সম্প্রসারণ, ডিজিটাল ম্যানুফ্যাকচারিং সক্ষমতা বৃদ্ধি এবং সরকারি খাতের চাহিদা পূরণে টেশিসের ভূমিকা আরও শক্তিশালী করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

সভাপতির বক্তব্যে জনাব আব্দুন নাসের খান বলেন, একটি ঐতিহ্যবাহী রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান হিসেবে টেশিসকে দেশের টেলিযোগাযোগ ও প্রযুক্তি খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখার প্রয়াস অব্যাহত রাখতে হবে। তিনি টেশিসের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও কর্মকর্তাদের আরও দায়িত্ব ও নিষ্ঠার সাথে কাজ করে প্রতিষ্ঠানটির টেকসই উন্নয়ন ও বাণিজ্যিক সক্ষমতা বৃদ্ধির জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

এজিএম-এ শেয়ারহোল্ডারগণ নির্ধারিত এজেন্ডাসমূহ অনুমোদন করেন এবং আগামী অর্থবছরে টেশিসের কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে মতামত প্রদান করেন।

সভায়, টেশিসের পরিচালনা পর্ষদের শেয়ারহোল্ডাররা উপস্থিত ছিলেন।

Abider
15.12.2025